যুগান্তর

তারিখ ............
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

JAN. 17 2002

# 'কমিটি ও কমিশন দিয়ে কোন সংস্কার হবে না'

যুগান্তর রিপোর্ট

সেন্টার ফর পলিসি ডায়ালগ আয়োজিত 'বাংলাদেশে প্রশাসনিক সংস্কার' শীর্ষক এক আলোচনা সভায় বক্তারা বলেছেন, কমিটি ও কমিশন দিয়ে কোন সংস্কার হবে না। সত্যিকার সংস্কার করতে হলে রাজনৈতিক সদিচ্ছা ও সব দলের সমর্থন প্রয়োজন। শুধু সরকারের পক্ষে এককভাবে সংস্কার কর্মসূচি এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয়।

গতকাল ধানমণ্ডিস্থ সিপিডির ডায়ালগ কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় মূল বক্তা হিসাবে বক্তব্য রাখেন বিশ্বব্যাংকের বাংলাদেশের সাবেক কান্ট্রি ডিরেক্টর পিয়েরে ল্যান্ডেল মিলস।

সিপিডি চেয়ারম্যান অধ্যাপক রেহমান সোবহানের সভাপতিত্বে আলোচনায় অংশগ্রহণ করেন সাবেক অর্থমন্ত্রী এম

**কমিশন** : পৃষ্ঠা : ২ কলাম : ৩

## কমিশন : সংস্কার হবে না

(৩য় পৃষ্ঠার পর)

সাইদুজ্জামান, অধ্যাপক মোজাফফর আহমেদ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পদ বিভাগের অধ্যাপক ইমতিয়াজ আহমেদ, সিপিডির মুস্তাফিজুর রহমান, সাবেক সচিব ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরী প্রমুখ।

সভাপতির ভাষণে অধ্যাপক রেহমান সোবহান বলেন, দীর্ঘদিন যাবৎ প্রশাসনিক সংস্কার কর্মসূচি নিয়ে বিভিন্ন ধরনের কমিশন ও কমিটি হচ্ছে, কিন্তু আসল কাজটি হচ্ছে না। তবে প্রশাসনিক সংস্কার করতে হলে রাজনৈতিক প্রতিশ্রুতি নিয়ে এগুতে হবে। তা না হলে প্রশাসনিক সংস্কার শুধু রিপোর্টের পাতায় রয়ে যাবে। সাবেক অর্থমন্ত্রী এম সাইদুজ্জামান বলেন, সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সরকারি অর্থে হবে না, প্রয়োজন বৈদেশিক সাহায্য।